দৈনিক
ইত্তেফাক

তারিখ . 19 JUN 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি ছাত্রলীগে নতুন নেতৃত্ব

## সভাপতি আবিদ, সম্পাদক প্রিন্স

■ ইত্তেফাক রিপোর্ট

ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) শাখার নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। আগামী এক বছরের জন্য গঠিত নতুন এ কমিটির সভাপতি হয়েছেন আবিদ আল হাসান। সাধারণ সম্পাদকের দায়িত্ব পেয়েছেন মোতাহার হোসেন প্রিন্স। গতকাল বৃহস্পতিবার ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি এইচ এম বদিউজ্জামান সোহাগ ও সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই কমিটি অনুমোদনের কথা জানানো হয়। শিগগিরই ছাত্রলীগ ঢাবি শাখার পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হবে।

আবিদ আল হাসান এর আগে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির ক্রীড়া সম্পাদক ও মোতাহার হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়াউর রহমান হলের সাধারণ সম্পাদক ছিলেন। আবিদ আল হাসানের বাড়ি বরিশাল এবং মোতাহার হোসেনের বাড়ি বাগেরহাটে।

গত ১১ জুন বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সম্মেলন অনুষ্ঠিত হয়। এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক হতে ইচ্ছুক নেতা-কর্মীদের কাছ থেকে জীবন-বৃত্তান্ত সংগ্রহ করা হয়। ১৯১ জন নেতা-কর্মী সভাপতি ও সাধারণ সম্পাদক হতে জীবন-বৃত্তান্ত জমা দেন।

### ছাত্রলীগ পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলা শাখার কমিটি বিলুপ্ত

এদিকে ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদের এক জরুরি সিদ্ধান্তে সময়মত সম্মেলন আয়োজন করতে না পারায় ছাত্রলীগ পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলা শাখার কমিটি বিলুপ্ত করা হয়েছে। একই সাথে দীর্ঘদিন মেয়াদ উত্তীর্ণ থাকায় ঠাকুরগাঁও সদর উপজেলা, ঠাকুরগাঁও পৌর ও ঠাকুরগাঁও সরকারি কলেজ শাখার কমিটি বিলুপ্ত করা হয়েছে।